# আমার বই

## প্রাক-প্রাথমিক স্তরের শিক্ষার্থীদের জন্য



যশোরেশ্বরী শ্রীশ্রী কালি মন্দির, শ্যামনগর, সাতক্ষীরা।

মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায়

হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্ট

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

“যত মত তত পথ।”

-শ্রীশ্রী রামকৃষ্ণ পরমহংসদেব।

“যে কাজ তোমার ভেতর শক্তির উদ্রেক করে তাহাই পুণ্য আর যা তোমার শরীর ও মনকে দুর্বল করে তাহাই পাপ।”

-স্বামী বিবেকানন্দ

“কখনও আলস্যে দিন কাটাইও না, আলস্য মানুষকে দুঃখী করে তোলে।”

-ঈশ্বর চন্দ্র বিদ্যাসাগর

“প্রতিবেশীকে উপবাসী রাখিয়া যে মানব অন্ন গ্রহণ করে সে পাপান্ন গ্রহণ করে।”

-শ্রী দুর্গাপ্রসন্ন

“শিক্ষাই দেশকে দারিদ্র্যমুক্ত করতে পারে।”

-মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা

# আমার বই

## প্রাক-প্রাথমিক স্তরের শিক্ষার্থীদের জন্য


**সম্পাদনা**

মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায়
শীর্ষক প্রকল্পের কারিকুলাম কমিটি

ড. কৃষ্ণেন্দু কুমার পাল
নিত্য প্রকাশ বিশ্বাস
মোঃ রফিকুল ইসলাম
অধ্যাপক ড. অসীম সরকার
শ্যামল সরকার
কেয়া বালা
অভিজিৎ বসাক
প্রশান্ত কুমার বিশ্বাস
কাকলী রানী মজুমদার
অসীম চৌধুরী
তাপস কুমার আচার্য্য



মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায়

**হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্ট**

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# আমার বই

সম্পাদনায় : মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম–৬ষ্ঠ পর্যায় শীর্ষক প্রকল্পের কারিকুলাম কমিটি

স্বত্ব : প্রকল্প কর্তৃক সংরক্ষিত

প্রকাশনায় : মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায় শীর্ষক প্রকল্প
হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্ট, ধর্ম বিষয়ক মন্ত্রণায়

প্রথম প্রকাশকাল : আষাঢ়, ১৪১০ বঙ্গাব্দ/জুন, ২০০৩ খ্রিস্টাব্দ

বিশতম প্রকাশকাল : কার্তিক, ১৪৩০ বঙ্গাব্দ/অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

মুদ্রণ সংখ্যা : ১,৫৫,০০০ কপি

মুদ্রণ ও বাঁধাই : প্রিয়াংকা প্রিন্টিং এন্ড পাবলিকেশন্স
৭৬/ই, নয়াপল্টন, ঢাকা-১০০০।

প্রকল্পের শিক্ষার্থীদের মধ্যে বিনামূল্যে বিতরণের জন্যে



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

# মুখবন্ধ

অতীত অভিজ্ঞতা বা অনুশীলনের ফলে মানুষের আচরণের ইতিবাচক পরিবর্তনই হচ্ছে শিক্ষা। শিশু শিখতে চায়, শিক্ষক চায় শেখাতে। শিক্ষা এবং শিখনের এই উদ্দেশ্যেকে সর্বাংশে সফল করার জন্য শিক্ষা মনোবিজ্ঞান কাজ করে থাকে। শিক্ষাদানের মাধ্যমে শিক্ষার্থীর সার্বিক কল্যাণ সাধনের জন্য একজন শিক্ষককে শিক্ষার্থীর আচরণ অনুধাবন ও তদনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হয়। মনোবিজ্ঞানী জ্যা পিয়াঁজে এর মতে, মানুষের মস্তিস্ক একটি নিজস্ব কার্যক্রম অনুযায়ী বিকশিত হয়। এ কারণে হাতে কলমে কাজ করে জ্ঞান অর্জনের সুযোগ দিতে হবে। শিশু মনোবিজ্ঞানের এই ধারাকে সমুন্নত রেখে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অধীন হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্টের মাধ্যমে বাস্তবায়িত ''মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায়" শীর্ষক প্রকল্পের প্রাক-প্রাথমিক স্তরের শিক্ষা কার্যক্রম পরিচালিত হচ্ছে। প্রকল্পের আওতায় ০৪-০৬ বছর বয়সী শিক্ষার্থীদের জন্য প্রণয়ন করা হয়েছে **'আমার বই'** নামক পাঠ্যবই।

প্রকল্পটির মাধ্যমে সারা বাংলাদেশে হিন্দু অধ্যুষিত ও অনগ্রসর এলাকায় ৫,০০০টি শিক্ষাকেন্দ্রের মাধ্যমে বছরে ১,৫০,০০০ জন শিক্ষার্থীকে শিক্ষা প্রদানের লক্ষ্যমাত্রা রয়েছে। 'আমার বই' নামক পাঠ্যবইটি প্রণয়নের ক্ষেত্রে শিশু মনোবিজ্ঞানকে প্রাধান্য দেয়া হয়েছে। কোমলমতি শিশু শিক্ষার্থীদের অংশগ্রহণমূলক অনুশীলনের মাধ্যমে কৌতূহল মেটানোর জন্য বইয়ের বিষয়বস্তু অতি সহজ করা হয়েছে এবং আকর্ষণীয়, রঙিন ছবির ব্যবহার করা হয়েছে। ছড়া, গল্প, গান, চিত্রাঙ্কন, ক্রীড়া ও শরীরচর্চা, চারু ও কারুকাজ, নৈতিকতা ও ধর্মীয় শিক্ষা, সর্বোপরি মহান মুক্তিযুদ্ধ ও দেশ মাতৃকার প্রতি সম্মান প্রদর্শনসহ সকল কিছুই প্রাক-প্রাথমিক স্তরের এই কারিকুলামে অন্তর্ভুক্ত করা হয়েছে। **'আমার বই'** নামক পাঠ্যবইটি প্রাক-প্রাথমিক স্তরের শিক্ষার্থীদের বিদ্যালয়ের প্রতি আগ্রহ সৃষ্টিতে কার্যকরী ভূমিকা রাখবে বলে আমি বিশ্বাস করি।

**'আমার বই'** পাঠ্যবইটি প্রণয়নের ক্ষেত্রে কারিকুলাম কমিটির সম্মানিত সদস্যবৃন্দের আন্তরিক ও সক্রিয় অংশগ্রহণ এবং সুচিন্তিত পরামর্শ প্রদানের জন্য গভীর কৃতজ্ঞতা প্রকাশ করছি। বইটি সম্পাদনার কাজে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি)-এর পূর্ণ সহযোগিতা গ্রহণ করা হয়েছে। এজন্য তাঁদেরকে আন্তরিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করছি। এছাড়াও যেসব পুস্তক ও জার্নালের সহায়তা গ্রহণ করা হয়েছে এবং বইটি প্রণয়নের কাজে অত্র প্রকল্পের কর্মকর্তা ও কর্মচারীসহ যাঁরা অক্লান্ত পরিশ্রম করেছেন তাঁদের সকলকে বিশেষভাবে ধন্যবাদ জানাচ্ছি।

অনেক চেষ্টার পরও বইটি মুদ্রণে কোন অনিচ্ছাকৃত ভুলত্রুটি পরিলক্ষিত হলে তা পরবর্তী সংস্করণে সংশোধনের প্রত্যয় ব্যক্ত করছি এবং বইটির মান বাড়ানোর জন্য যেকোন পরামর্শ সাদরে গ্রহণ করা হবে।

পরিশেষে, **'আমার বই'** নামক পাঠ্যবইটি প্রাক-প্রাথমিক স্তরের শিক্ষার্থীদের জ্ঞান পিপাসা মিটিয়ে তাদেরকে পরবর্তী আনুষ্ঠানিক শিক্ষাগ্রহণে উজ্জীবিত করতে সহায়তা করলে আমাদের প্রয়াস সার্থক হবে বলে মনে করি।

নিত্য প্রকাশ বিশ্বাস<br>
প্রকল্প পরিচালক<br>
মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায়।



# জাতীয় সংগীত

আমার সোনার বাংলা, আমি তোমায় ভালোবাসি।
চিরদিন তোমার আকাশ, তোমার বাতাস, আমার প্রাণে বাজায় বাঁশি ।।
ও মা ফাগুনে তোর আমের বনে ঘ্রাণে পাগল করে,
মরি হায়, হায় রে-
ও মা অঘ্রানে তোর ভরা ক্ষেতে আমি কী দেখেছি মধুর হাসি ।।
কী শোভা, কী ছায়া গো, কী স্নেহ, কী মায়া গো-
কী আঁচল বিছায়েছ বটের মূলে, নদীর কূলে কূলে।
মা, তোর মুখের বাণী আমার কানে লাগে সুধার মতো,
মরি হায়, হায় রে-
মা, তোর বদনখানি মলিন হলে, ও মা, আমি নয়নজলে ভাসি ।।

-রবীন্দ্রনাথ ঠাকুর

# প্রার্থনা সংগীত

অসৎ হইতে মোরে সৎ পথে নাও,
জ্ঞানের আলোক জ্বেলে আঁধার ঘোচাও।
মরণের ভয় যাক অমর কর,
দেখা দিয়ে ভগবান শংকা হর।
করুণা আশিস ঢালো রুদ্র শিরে,
চিরদিন থাকো মোর জীবন ঘিরে।
ঝরিয়া পড়ুক শান্তি চরাচরময়,
চিরশান্তি পরিমলে ভরুক হৃদয়।





# সময়

খেলায় মজিয়া শিশু কাটাইও না বেলা,
সময়ের প্রতি কভু করিও না হেলা।
আজি যে সময় গত হইল তোমার,
আসিবেনা পুনঃ তাহা আসিবেনা আর।
তাই বলি বৃথা কাল করিও না ক্ষয়,
আপনার কাজ কর থাকিতে সময়।

-রাম সুন্দর বসাক

# সূচিপত্র


| পাঠক্রম | বিষয়বস্তু | পৃষ্ঠা |
|---|---|---|
| পাঠ-১ | দেখি, শুনি ও বলি | ১ |
| পাঠ-২ থেকে ৬ | দেখি, শুনি ও বলি | ২-৬ |
| পাঠ-৭ | শুনি ও বলি | ৭ |
| পাঠ-৮ | শুনি ও বলি | ৮ |
| পাঠ-৯ থেকে ১৫ | শুনি ও আবৃত্তি করি | ৯-১৫ |
| পাঠ-১৬ থেকে ২৩ | স্বরবর্ণ পরিচিতি | ১৬-২৩ |
| পাঠ-২৪ থেকে ৪৬ | ব্যঞ্জনবর্ণ পরিচিতি | ২৪-৪৬ |
| পাঠ-৪৭ থেকে ৪৮ | দুই/তিন বর্ণ যোগে গঠিত শব্দ | ৪৭-৪৮ |
| পাঠ-৪৯ | ছবির সাথে দাগ টেনে শব্দ মিলাই | ৪৯ |
| ৫০ থেকে ৫১ | ছবি দেখে লিখি | ৫০-৫১ |
| পাঠ-৫২ | বর্ণ যোগে গঠিত শব্দ লিখি ও শিখি | ৫২ |
| পাঠ-৫৩ থেকে ৫৪ | দেবনাগরী (সংস্কৃত) বর্ণ পরিচয় | ৫৩-৫৪ |
| পাঠ-৫৫ | ইংরেজি বর্ণ চিনি | ৫৫ |
| পাঠ-৫৬ থেকে ৫৭ | শুনি ও পড়ি | ৫৬-৫৮ |
| পাঠ-৫৮ থেকে ৫৯ | গ্রাম এবং শহরের ছবি | ৫৯-৬০ |
| পাঠ-৬০ থেকে ৬১ | স্বাস্থ্য সচেতনতা বিষয়ক তথ্য | ৬১-৬২ |
| পাঠ-৬২ | বাংলাদেশের ঋতু বৈচিত্র্য | ৬৩ |
| ——— | এসো গণিত শিখি | ৬৪ |
| পাঠ-৬৩ থেকে ৯৯ | ছবি দেখি, বলি ও শিখি | ৬৫-১০১ |
| পাঠ-১০০ | খালি ঘরে সংখ্যা লিখি | ১০২ |
| পাঠ-১০১ থেকে ১০২ | মুখে মুখে বলি | ১০৩-১০৪ |
| পাঠ-১০৩ | ছোট বড় সংখ্যা শিখি | ১০৫ |
| পাঠ-১০৪ থেকে ১০৫ | ১ থেকে ২০ পর্যন্ত সংখ্যা কথায় শিখি | ১০৬-১০৭ |
| পাঠ-১০৬ | ১ থেকে ১০০ পর্যন্ত সংখ্যা একত্রে শিখি | ১০৮ |
| পাঠ-১০৭ থেকে ১০৯ | ছবি দেখে যোগ শিখি | ১০৯-১১১ |
| পাঠ-১১০ থেকে ১১১ | ছবি দেখে বিয়োগ শিখি | ১১২-১১৩ |
| পাঠ-১১২ থেকে ১১৩ | যোগ ও বিয়োগের ধারণা লাভ | ১১৪-১১৫ |
| পাঠ-১১৪ | ইংরেজি গণনা শিখি | ১১৬ |
| পাঠ-১১৫ | সাত দিনের নাম শিখি | ১১৭ |
| পাঠ- ১১৬ | বারো মাসের নাম শিখি | ১১৮ |
| ——— | চারু ও কারু কাজ শিখি | ১১৯ |
| ——— | সংখ্যা দিয়ে চিত্রাঙ্কন করি | ১২০ |

পাঠ–১

# দেখি, শুনি ও বলি


(Hair) চুল
মাথা (Head)
(Eye) চোখ
কপাল (Forehead)
(Ear) কান
মুখমণ্ডল (Face)
মুখ (Mouth)
গলা (Throat)
(Nose) নাক
(Lip) ঠোঁট
বুক (Chest)
(Arm) বাহু
কনুই (Elbow)
(Belly) পেট
হাতের আঙ্গুল (Finger)
(Hand) হাত
নখ (Nail)
হাঁটু (Knee)
(Leg) পা
পায়ের আঙ্গুল (Toe)

পাঠ–২

# দেখি, শুনি ও বলি



সূর্য



চাঁদ



গাছ



নৌকা



শালিক



গরুর গাড়ি

পাঠ–৩

# দেখি, শুনি ও বলি



গাড়ি



কম্পিউটার



বিমান



রোবট



টেলিভিশন



রেডিও

পাঠ–৪

## দেখি, শুনি ও বলি



শহীদ মিনার



জাতীয় স্মৃতিসৌধ



জাতীয় সংসদ ভবন



শ্রীশ্রী ঢাকেশ্বরী মন্দির



জাতীয় জাদুঘর



লালবাগ কেল্লা

পাঠ–৫

# দেখি, শুনি ও বলি



শাপলা



গাঁদা



গোলাপ



পদ্ম



কৃষ্ণচূড়া



সূর্যমুখী

# পাঠ-৬

## দেখি, শুনি ও বলি



বাঘ



হাতি



গরু



হরিণ



টিয়া



দোয়েল

## পাঠ—৭

## শুনি ও বলি



কুউ... উ...

কোকিল



বাক বাকুম

কবুতর



হাম্‌বা হাম্‌বা

গাভী



ঘ্যাঙর ঘ্যাং

ব্যাঙ



মিউ মিউ

বিড়াল



ঘেউ ঘেউ

কুকুর

## পাঠ-৮

# শুনি ও বলি



ঘণ্টা বাজে- ঢং ঢং



সাইকেল করে-ক্রিং ক্রিং



মোটর গাড়ি-পিপ পিপ



তবলা বাজে-তাধিন ধিন



রেলগাড়ি- পু ঝিক ঝিক



ঘুঙ্গুর বাজে- ঝুন ঝুন



গ্লাস ভাঙ্গে- ঝন ঝানাৎ



বৃষ্টি পড়ে ঝম ঝম

পাঠ—৯

## শুনি ও আবৃত্তি করি

### ছড়া-১

বাক বাকুম পায়রা
মাথায় দিয়ে টায়রা
বউ সাজবে কালকি
চড়বে সোনার পালকি।



### ছড়া-২

খোকন খোকন ডাক পাড়ি
খোকন মোদের কার বাড়ি?
আয় রে খোকন ঘরে আয়,
দুধমাখা ভাত কাকে খায়।



# পাঠ–১০

## শুনি ও আবৃত্তি করি



### ছড়া-৩

আয় আয় চাঁদ মামা
টিপ দিয়ে যা।
চাঁদের কপালে চাঁদ
টিপ দিয়ে যা।
ধান ভানলে কুঁড়ো দেব,
মাছ কাটলে মুড়ো দেব,
কালো গাইয়ের দুধ দেব,
দুধ খাবার বাটি দেব।
চাঁদের কপালে চাঁদ
টিপ দিয়ে যা।



### ছড়া-৪

ঐ দেখা যায় তাল গাছ
ঐ আমাদের গাঁ,
ঐ খানেতে বাস করে
কানা বগীর ছা।
ও বগী তুই খাস্ কী?
পান্তা ভাত চাস্ কি?
পান্তা আমি খাই না
পুঁটি মাছ পাই না,
একটা যদি পাই
অমনি ধরে গাপুস গুপুস খাই।

পাঠ—১১

## শুনি ও আবৃত্তি করি

### ছড়া-৫



হাট্টিমা টিম টিম
তারা মাঠে পাড়ে ডিম।
তাদের খাড়া দুটো শিং
তারা হাট্টিমা টিম টিম।

### ছড়া-৬



গোল করো না গোল করো না
ছোটন ঘুমায় খাটে,
এই ঘুমকে কিনতে হলো
নওয়াব বাড়ির হাটে।
সোনা নয় রূপা নয়
দিলাম মোতির মালা,
তাইতো ছোটন ঘুমিয়ে আছে
ঘর করে উজালা।

পাঠ–১২

## শুনি ও আবৃত্তি করি



### ছড়া-৭

আয়রে আয় টিয়ে
নায়ে ভরা দিয়ে,
না' নিয়ে গেল বোয়াল মাছে
তাইনা দেখে ভোঁদর নাচে।
ওরে ভোঁদর ফিরে চা
খোকার নাচন দেখে যা।

### ছড়া-৮

নোটন নোটন পায়রাগুলি
ঝোটন বেঁধেছে,
ওপাড়েতে ছেলে মেয়ে
নাইতে নেমেছে।
দুই ধারে দুই রুই কাতলা
ভেসে উঠেছে!
কে দেখেছে? কে দেখেছে?
দাদা দেখেছে।
দাদার হাতে কলম ছিল
ছুঁড়ে মেরেছে,
উহ্ বড্ড লেগেছে।



## পাঠ–১৩

## শুনি ও আবৃত্তি করি

### ছড়া-৯

খোকা ঘুমালো পাড়া জুড়ালো
বর্গী এল দেশে,
বুলবুলিতে ধান খেয়েছে
খাজনা দেব কিসে?
ধান ফুরালো পান ফুরালো
খাজনার উপায় কী?
আর ক'টা দিন সবুর করো
রসুন বুনেছি।

### ছড়া-১০

Twinkle twinkle little star,
How I wonder what you are!
Up above the world so high,
Like a diamond in the sky.

পাঠ–১৪

## শুনি ও আবৃত্তি করি

# আমার পণ

মদনমোহন তর্কালঙ্কার

সকালে উঠিয়া আমি
মনে মনে বলি,
সারাদিন আমি যেন
ভালো হয়ে চলি।
আদেশ করেন যাহা
মোর গুরুজনে,
আমি যেন সেই কাজ
করি ভালো মনে।
ভাইবোন সকলেরে
যেন ভালোবাসি,
একসাথে থাকি যেন
সবে মিলেমিশি।



# প্রার্থনা

রজনী কান্ত সেন

তুমি, নির্মল কর,
মঙ্গল করে মলিন মর্ম মুছায়ে।।
তব, পুণ্য–কিরণ দিয়ে যাক্,
মোর মোহ–কালিমা ঘুচায়ে!
লক্ষ্য–শূন্য লক্ষ বাসনা ছুটিছে গভীর আঁধারে,
জানি না কখন ডুবে যাবে কোন্
অকুল–গরল–পাথারে!
প্রভু, বিশ্ব–বিপদহন্তা,
তুমি দাঁড়াও, রুধিয়া পন্থা;
তব, শ্রীচরণ তলে নিয়ে এসো,
মোর মত্ত–বাসনা গুছায়ে!

–সংকলিত

## পাঠ–১৫

## শুনি ও আবৃত্তি করি



# মামার বাড়ি

জসীম উদ্‌দীন

আয় ছেলেরা, আয় মেয়েরা
ফুল তুলিতে যাই,
ফুলের মালা গলায় দিয়ে
মামার বাড়ি যাই।
ঝড়ের দিনে মামার দেশে
আম কুড়াতে সুখ,
পাকা জামের মধুর রসে
রঙিন করি মুখ।



# প্রভাতী

কাজী নজরুল ইসলাম

ভোর হলো দোর খোল
খুকুমণি ওঠ রে,
ঐ ডাকে জুঁই-শাখে
ফুল-খুকী ছোট রে।
খুলি হাল তুলি পাল
ঐ তরী চলল,
এইবার এইবার
খুকু চোখ খুলল।
আলসে নয় সে
ওঠে রোজ সকালে,
রোজ তাই চাঁদা ভাই
টিপ দেয় কপালে।

অ  অ

# অলি

অতিথি
অনল (আগুন)

অলি ঘুরে ফুলে ফুলে,
নেচে নেচে মধু তোলে।

অবতার
অর্জুন

**অনভ্যাসে বিদ্যাহ্রাস**

আ  আ

# আম

আপেল
আতা

আম পাকা রসময়,
আমলকি টক হয়।

আয়না
আলো

**আলস্য দারিদ্র্যের কারণ**

## পাঠ–১৭

ই  ই

# ইলিশ

ইঁদুর
ইট

ইলিশ হলো মাছের রাজা,
খেতে মজা, গরম ভাজা।

ইতি
ইক্ষু

**ইচ্ছে থাকলে উপায় হয়**

ঈ  ঈ

# ঈগল

ঈশ্বর
ঈশিতা (ঈশ্বরত্ব)

ঈগল পাখি শিকার ধরে,
ইঁদুর ছানা ভয়ে মরে।

ঈশান
ঈষৎ

**ঈশ্বরে শরণাগত হও**

# পাঠ—১৮

উ  উ

## উট

উপনিষদ    উটের পিঠ উঁচু তাই,    উড়োজাহাজ

উঠান    উঠতে গিয়ে উল্টে যাই।    উপবাস

**উদারতা মহত্বের লক্ষণ**

ঊ  ঊ

## ঊর্মি (ঢেউ)

ঊর্বর    ঊষার হাসি সকাল বেলা,    ঊর্ধ্ব

ঊন (কম)    ঊর্মি করে জলে খেলা।    ঊষর (ঊর্বর নয়)

**ঊর্ধ্ব মুখে পথ চলো না**

ঋ  ৠ

# ঋষি

ঋণ ঋষির বাক্য শিরোধার্য, ঋগবেদ
ঋতু ঋত্বিক করে পূজাপর্ব। ঋভু (হিন্দু দেবতা বিশেষ)

**ছয় ঋতুর দেশ বাংলাদেশ**

এ  ঐ

# এক্কা (দুই চাকার ঘোড়ার গাড়ি)

একতা এক্কা গাড়ি ঘোড়ায় টানে, একতারা
একাদশী একলা চলি শহর পানে। একটি

**একতাই বল**

## পাঠ–২০

ঐ  ঐ

# ঐরাবত

ঐতিহ্য
ঐশী

ঐরাবতের লম্বা শুঁড়,
ঐকতানে গানের সুর।

ঐতিহাসিক
ঐহিক (ইহলোকের)

**ঐশ্বর্যের অহংকার পতন আনে**

ও  ও

# ওলকপি

ওঁ (অউম)
ওজন

ওলকপি সারি সারি,
ওলকচুর ওজন ভারি।

ওঝা
ওড়না

**ওষুধের চেয়ে পথ্য ভালো**

ঐ




ঔ

# ঔষধ

ঔষধ খাব অসুখ হলে,
রোগ-যাতনা যাবে চলে।

ঔ-দিয়ে আরও শব্দ হয়। যেমন-

ঔষধি ঔদরিক

ঔদার্য ঔচিত্য

ঔদার্য অতি মহৎ গুণ

পাঠ–২২

# ভালো করে জেনে নিই
# স্বরবর্ণ চিনে নিই

| | |
|---|---|
| অ | আ |
| ই | ঈ |
| উ | ঊ |
| ঋ | এ |
| ঐ | ও |
| ঔ | |

পাঠ–২৩

# দেখি চিনতে পারি কিনা?

| | | | |
|---|---|---|---|
| ও | ঈ | আ | ঊ |
| এ | ঔ | | অ |
| উ | ই | ঐ | ঋ |

উপরের বর্ণগুলো ক্রমানুসারে সাজিয়ে লিখি

| | | | |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |

# পাঠ–২৪

ক



ক

## কলা

কলম

কলস

কলা একটি ভালো ফল,
খেলে হবে সুস্থ সবল।

কোকিল

কমলা

**কথায় না বড় হয়ে কাজে বড় হই**

খ



খ

## খই

খেলনা

খুকু

খই, মুড়ি, চিড়া, দই,
খেতে পেলে খুশি হই।

খাতা

খরগোশ

**খাবার আগে হাত ধুই**

# পাঠ–২৫

গ



গ

## গণেশ

গম

গাভী

গণেশ হলেন সিদ্ধিদাতা,
তাঁকে জানাই মনের কথা।

গীতা

গুড়

**গুরুজনকে ভক্তি করি**

ঘ



ঘ

## ঘড়ি

ঘর

ঘট

ঘড়ি চলে টিক টিক,
কাজ করি ঠিক ঠিক।

ঘি

ঘুঘু

**ঘট বসিয়ে পূজা করি**

ঙ



ঙ

ঝিঙা

ঠোঙা

রঙ

সাতটি রঙের খেলা,
বে-নী-আ-স-হ-ক-লা।

গাঙ

ব্যাঙ

রঙিন শাক্-সবজি ভিটামিনের উৎস

চ



চ

চিংড়ি

চালতা

চাল

চিংড়ি, চিতল, চান্দা, চেলা,
চার মাছেতে করছে খেলা।

চালক

চিড়া

চাঁদ পৃথিবীর একটি উপগ্রহ

ছ




ছ

## ছবি

ছাগল

ছাতা

ছবি শুধু ছবি নয়,
তার মাঝে স্মৃতি রয়।

ছেলে

ছোলা

ছবির দেশ কবিতার দেশ, আমাদের এই বাংলাদেশ

জ



জ

## জননী

জল

জগ

জননী ও জন্মভূমি,
স্বর্গের চেয়েও বড় জানি।

জাহাজ

জবা

জল পড়ে পাতা নড়ে

## পাঠ–২৮

# ঝ



# ঝ

## ঝড়

ঝলক

ঝিনুক

ঝড় এলো এলো ঝড়,
আম পড় আম পড়।

ঝরনা

ঝুড়ি

**ঝিনুক থেকে মুক্তা হয়**

# ঞ



# ঞ

## সঞ্চয়

রঞ্জন

সঞ্জয়

সঞ্চয়ের অভ্যাস করি,
স্বনির্ভর দেশ গড়ি।

মিঞা

ব্যঞ্জন

**সঞ্চয়ের অভ্যাস মিতব্যয়ী হতে সাহায্য করে**

## পাঠ–২৯

# ট



ট

## টমেটো

টেলিভিশন

টোপর

টমেটো আর টাটকা ফল,
ধুয়ে খাবে দিয়ে জল।

টিয়া

টাকা

**খালি পেটে জল, ভরা পেটে ফল**

# ঠ



ঠ

## ঠাকুর

ঠাকুরমা

ঠিকানা

ঠাকুর পূজোয় বাজছে ঢাক,
জগৎ জুড়ে শান্তি থাক।

ঠোঁট

ঠেলাগাড়ি

**ঠগের কথায় ভুলতে নেই**

## পাঠ–৩০

# ড



ড

## ডাব

ডুমুর  ডিম

ডাবের জল খেতে মিঠা,
নারকেল দিয়ে হয় পিঠা।

ডালিম  ডাল

**ডমরু শিবের বাদ্যযন্ত্র**

# ঢ



ঢ

## ঢাক

ঢাকা  ঢালু

ঢুলি বাজায় ঢাক ঢোল,
ঢাকের তালে খুশির দোল।

ঢাল  ঢেঁকি

**ঢাকনা দিয়ে খাবার ঢেকে রাখি**

## পাঠ–৩১

ণ



ণ

## হরিণ

বীণা　　হরিণ খোঁজে ঝর্ণাধারা,　　কিরণ
লবণ　　করুণ চোখে তাকায় তারা।　　বরণ

**কর্ণে শুভ কথা মনে আনে পবিত্রতা**

ত



ত

## তবলা

তানপুরা　　তবলা বাজে তালে তালে,　　তিলক
তুলসী　　ফিঙে নাচে গাছের ডালে।　　তীর

**তিল থেকে তেল হয়**

# থ




থ

## থলে

থালা

থানা

থাকা

থাবা

থলে হাতে হাটে যাই,
থালা ভরে সন্দেশ খাই।

**থানকুনি পাতায় রোগ নিরাময় হয়**

# দ



দ

## দুধ

দিন

দই

দরজা

দশাবতার

দুধ, মুড়ি, ছানা, দই,
খেতে পেলে খুশী হই।

**দশে মিলে করি কাজ, হারি জিতি নাহি লাজ**

# পাঠ–৩৩

ধ



ধ

## ধান

ধুতি

ধনী

ধানের আবাদ করবে যত,
ভাতের অভাব ঘুচবে তত।

ধূপ

ধনুক

**ধনের চেয়ে জ্ঞান বড়**

ন



ন

## নৌকা

নাক

নখ

নদীর জলে নৌকা চলে,
মাঝি নানান সুর তোলে।

নরক

নদী

**নম্রকে সকলে ভালোবাসে**

# পাঠ–৩৪

প



प

## পেঁপে

পতাকা

পান

পেঁপে যদি রোজ খাই,
হবে নাকো রোগ বালাই।

পালকি

পাখি

**পাকা ফল খাওয়া ভালো**

ফ



फ

## ফুল

ফিতা

ফসল

ফুল ফুটে গাছে গাছে,
ডালে ডালে পাখি নাচে।

ফল

ফুটবল

**ফলে বৃক্ষের পরিচয়**

## পাঠ–৩৫

ব




ব

### বেদ

বল

বই

বেদ হিন্দুদের মূলগ্রন্থ,
সেথায় আছে সনাতনী মন্ত্র।

বক

বাবা

**বিপদেই বন্ধুর পরিচয়**

ভ



ভ

### ভাত

ভেড়া

ভীম

ভাত খাই মাছ খাই,
সুস্থ সবল থাকা চাই।

ভাই

ভগবান

**ভোরে ঘুম থেকে ওঠা স্বাস্থ্যকর**

## পাঠ–৩৬

ম



ম

# মেঘ

মা

মাটি

মামা

মহাভারত

মেঘের ডাকে বৃষ্টি এলে,
ময়ূর নাচে পেখম মেলে।

**মায়ের কোল শিশুর নিরাপদ আশ্রয়**

য



য

# যব

যানবাহন

যুবক

যম (মৃত্যুর দেবতা)

যমুনা

যাঁতায় পিষে যবের দানা,
যখন খুশি রুটি বানা।

**যোগব্যায়াম শরীর ও মন ভালো রাখে**

## পাঠ—৩৭

# র



র

## রবি

রথ

রামায়ণ

রবি উঠে আকাশে,
লাল রংয়ে আঁকা সে।

রাজা

রাম

**রামের ন্যায় সত্যনিষ্ঠ হই**

# ল



ল

## লবণ

লতা

লাটিম

লবণ খাব আয়োডিন যুক্ত,
থাকবো সবাই রোগ মুক্ত।

লিচু

লাউ

**লক্ষ্য নিয়ে এগিয়ে চলি**

## পাঠ—৩৮

# শ



শ

## শাক

শাঁখা

শিব

শাক-সবজি খাবে যত,
সুস্থ সবল হবে তত।

শাপলা

শসা

**শিক্ষাই জাতির মেরুদণ্ড**

# ষ



ষ

## ষড়ঋতু

ষোল

ষাট

ষড় ঋতুর বাংলাদেশ,
রূপের যে তার নাইকো শেষ।

ষাঁড়

মহিষ

**ষড়রিপু দমন করি, আত্মসুখ লাভ করি**

স



স

সূর্য

সুপারি

সাবান

সাঁঝ সকালে সূর্য লাল,
সাম্পানেতে সাদা পাল।

সকাল

সীতা

**সবার উপরে মানুষ সত্য, তাহার উপরে নাই**

হ



হ

হাত

হাট

হাঁস

সুস্থ সবল থাকা চাই,
হাত ধুয়ে খাবার খাই।

হাতি

হরি (বিষ্ণু, নারায়ণ)

**হাসিখুশি মানুষকে সকলে পছন্দ করে**

## পাঠ–৪০

# ড়



## পড়ালেখা

বাড়ি
গাড়ি

বড় যদি হতে চাও,
পড়ালেখায় মন দাও।

কড়ি
দড়ি

**লোকে যাকে বড় বলে বড় সে হয়**

# ঢ়



## আষাঢ়

গাঢ়
গূঢ়

আষাঢ় মাসে বৃষ্টি শেষে,
মাঠ সাজে নতুন বেশে।

দৃঢ়
মূঢ়

**রূঢ় কথা কষ্ট দেয়**

## পাঠ–৪১

# য়



মনা

খায়

যায়

ময়না পাখির বোল,
প্রাণে জাগায় দোল।

গয়না

আয়না

**আয় বুঝে ব্যয় করি**

# ৎ



শরৎকাল

চিৎকার

সৎকার

শরৎকালে কাশফুল,
প্রাণে জাগায় খুশীর দোল।

শরৎ

হঠাৎ

**সত্যের জয় সব সময় হয়**

## পাঠ–৪২

# ং



## রংধনু

হংস

কংস

রংধনুর সাতটি রং,
দেখে জুড়ায় সবার মন।

অংশ

বংশ

**অহংকার পতনের মূল**

# ঃ



## দুঃখ

প্রাতঃকাল

নিঃশ্বাস

দুঃখ মোরা করবো জয়,
ঈশ্বর যদি সহায় হয়।

নিঃশেষ

অধঃপতন

**দুঃখের পরে সুখ আসে**

# পাঠ–৪৩

ঁ





# চাঁদ

চাঁদের আলোর কী যে বাহার,
দূর করে সে রাতের আঁধার।

হাঁস পেঁপে
বাঁশ পঁচিশ

খাবার পরে দাঁত মাজি

পাঠ–৪৪

## একসাথে সুর মিলিয়ে পড়ি

| | | | | |
|---|---|---|---|---|
| ক | খ | গ | ঘ | ঙ |
| চ | ছ | জ | ঝ | ঞ |
| ট | ঠ | ড | ঢ | ণ |
| ত | থ | দ | ধ | ন |
| প | ফ | ব | ভ | ম |
| য | র | ল | শ | ষ |
| স | হ | ড় | ঢ় | য় |
| ৎ | ং | ঃ | ঁ | |

পাঠ–৪৫

## দেখি ও বলি

| | | | | |
|---|---|---|---|---|
| গ | চ | জ | ঞ | ক |
| খ | ছ | ঘ | ঝ | ঙ |
| থ | ঠ | ত | ট | দ |
| ঢ | প | ণ | ফ | ড |
| ম | শ | ধ | ভ | ষ |
| ব | স | য় | ঃ | ন |
| ঢ় | হ | য | ড় | ল |
| ঁ | ৎ | ং | র | |

পাঠ–৪৬

## দেখি ও বলি

বর্ণ খুঁজে বের করে গোল দাগ দিই

| | | | | |
|---|---|---|---|---|
| ক | খ | ঙ | ব | ক |
| ট | ঠ | ঘ | ট | ঢ |
| অ | ত | প | ভ | অ |
| ল | ন | ল | ফ | ম |
| ব | র | ক | ব | ঝ |
| ন | ণ | ম | ন | য |



# পাঠ–৪৭

## দুই বর্ণ যোগে গঠিত শব্দ

### ছবি দেখে পড়ি



ব ল বল



ফ ল ফল



ঘ র ঘর



ব ক বক



ব ই বই



ম ই মই

## পাঠ—৪৮

## দুই/তিন বর্ণ যোগে গঠিত শব্দ

ছবি দেখে পড়ি



| আ | ম | আম |



| ক | ল | কল |



| খ | ড় | খড় |



| ঝ | ড় | ঝড় |



| ক | ল | ম | কলম |



| ক | ল | স | কলস |

# পাঠ–৪৯

## ছবির সাথে দাগ টেনে শব্দ মিলাই



বল



ঘর



মই



বই



কলম

## পাঠ–৫০

### ছবি দেখে লিখি



আম









# পাঠ–৫১

## ছবি দেখে লিখি











# পাঠ–৫২

## বর্ণ যোগে গঠিত শব্দ লিখি ও শিখি

| | | | | | |
|---|---|---|---|---|---|
| এ | ক | | ম | ন | |
| প | থ | | ধ | ন | |
| দ | ল | | ন | খ | |
| ফ | ল | | প | ড় | |
| ক | ত | | ই | ট | |
| শ | ত | | ন | ল | |
| ন | ত | | ক | ল | |
| র | ত | | জ | ল | |
| প | ণ | | ব | ই | |
| জ | ন | | ম | ল | |
| র | ণ | | জ | ড় | |

পাঠ–৫৩

# দেবনাগরী (সংস্কৃত) বর্ণ পরিচয়

## স্বরবর্ণ

| | | | |
|---|---|---|---|
| अ অ | आ আ | इ ই | ई ঈ |
| उ উ | ऊ ঊ | ऋ ঋ | ॠ ৠ |
| ऌ ঌ | – | – | – |
| ए এ | ऐ ঐ | ओ ও | औ ঔ |
| अं অং | अः অঃ | – | – |

# দেবনাগরী (সংস্কৃত) বর্ণ পরিচয়

## ব্যঞ্জনবর্ণ

| | | | | |
|---|---|---|---|---|
| क ক | ख খ | ग গ | घ ঘ | ङ ঙ |
| च চ | छ ছ | ज জ | झ ঝ | ञ ঞ |
| ट ট | ठ ঠ | ड ড | ढ ঢ | ण ণ |
| त ত | थ থ | द দ | ध ধ | न ন |
| प প | फ ফ | ब ব | भ ভ | म ম |
| य য | र র | ल ল | व ব | श শ |
| ष ষ | स স | ह হ | क्ष ক্ষ | ं ং ः ঃ ँ ঁ |

পাঠ–৫৫

## শুনি, বলি ও চিনি

### ইংরেজি বর্ণ চিনি (বড় হাতের)

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| A | B | C | D | E | F | G |
| H | I | J | K | L | M | N |
| O | P | Q | R | S | T | U |
| | V | W | X | Y | Z | |

### ইংরেজি বর্ণ চিনি (ছোট হাতের)

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| a | b | c | d | e | f | g |
| h | i | j | k | l | m | n |
| o | p | q | r | s | t | u |
| | v | w | x | y | z | |

# পাঠ–৫৬

## শুনি, বলি ও পড়ি


জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান


জাতীয় পতাকা



মানচিত্র


বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর


জাতীয় কবি কাজী নজরুল ইসলাম


ঢাকা শহর

- বাংলাদেশের জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।
- বাংলাদেশের জাতীয় পতাকার রং চারিদিকে সবুজ মাঝে লাল বৃত্ত।
- আমাদের দেশ বাংলাদেশ।
- আমাদের জাতীয় সংগীতের রচয়িতা বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর।
- আমাদের জাতীয় কবি কাজী নজরুল ইসলাম।
- বাংলাদেশের রাজধানী ঢাকা।

## পাঠ–৫৭

# শুনি, বলি ও পড়ি



শাপলা



দোয়েল



কাঁঠাল



ইলিশ



বাঘ



আমগাছ

- বাংলাদেশের জাতীয় ফুল শাপলা।
- বাংলাদেশের জাতীয় পাখি দোয়েল।
- বাংলাদেশের জাতীয় ফল কাঁঠাল।
- বাংলাদেশের জাতীয় মাছ ইলিশ।
- বাংলাদেশের জাতীয় পশু বাঘ।
- বাংলাদেশের জাতীয় বৃক্ষ আমগাছ।

# পরিবেশ ও স্বাস্থ্য সচেতনতা

## ছড়া

ঘুম হতে উঠে আর খাবারের পরে,
প্রতিদিন মাজবো দাঁত দুইবার করে।
হবে নাকো দাঁতে পুঁজ আর ব্যাথা,
মজা করে খাবো মোরা মাছের মাথা।

## ছড়া

নখের ভেতর রোগের বাসা,
ডাক্তারে যে কয়।
নিয়মিত কাটলে নখ,
থাকবে নাকো ভয়।

## ছড়া

পরিষ্কার পানিতে,
মজা লাগে নাইতে।
আরাম লাগে গরমে,
সর্দি লাগে চরমে।

## ছড়া

চিরুনি আর আয়না,
খোকাখুকীর বায়না।
আঁচড়াতে চুল,
হবে নাকো ভুল।

**গাছ লাগান, গাছের পরিচর্যা করুন এবং পরিবেশ বাঁচান।**

-প্রধানমন্ত্রী।

পাঠ–৫৮

# গ্রামীণ পরিবেশের ছবি







# পাঠ–৫৯

## শহুরে পরিবেশের ছবি







পাঠ—৬০

# নিরাপদ জল



টিউবওয়েলের জল



ফুটানো জল



বৃষ্টির জল

# পাঠ–৬১

## স্বাস্থ্য বিষয়ক (ব্যক্তিগত পরিচ্ছন্নতা)



আমি হাত ধুয়ে ভাত খাই।



আমি রোজ দাঁত মাজি।



আমি স্নান করি।



আমি চুল আঁচড়াই।



আমি নখ কাটি।



আমরা স্কুলে যাই।

## পাঠ—৬২

# বাংলাদেশের ঋতু বৈচিত্র্য

### বাংলা বারো মাসের নাম শুনি, বলি

১. বৈশাখ
২. জ্যৈষ্ঠ
৩. আষাঢ়
৪. শ্রাবণ
৫. ভাদ্র
৬. আশ্বিন
৭. কার্তিক
৮. অগ্রহায়ণ
৯. পৌষ
১০. মাঘ
১১. ফাল্গুন
১২. চৈত্র

## বাংলাদেশের ষড়ঋতু


গ্রীষ্ম


বর্ষা


শরৎ


হেমন্ত


শীত


বসন্ত

# এসো গণিত শিখি

## প্রাক-গণিত



পাঠ-৬৩

# ছবি দেখি ও বলি

## ডান ও বাম শিখি













## পাঠ-৬৪

# তুলনা করি (ছোট-বড় চিনি)

### বড়গুলোতে রং করি









### ছোটগুলোতে রং করি









## পাঠ-৬৫

# তুলনা করি (লম্বা-খাটোর ধারণা লাভ করি)

## লম্বাগুলোতে রং করি






## খাটোগুলোতে রং করি






পাঠ-৬৬

# তুলনা করি (মোটা-চিকন চিনি)

## চিকনগুলোতে রং করি









## মোটাগুলোতে রং করি









পাঠ-৬৭

# কম-বেশি সম্পর্কে জানি





















পাঠ-৬৮

# ছবি দেখি ও বলি

## ভিতর-বাহির চিনি







পাঠ-৬৯

# ছবি দেখি ও বলি

## উপর-নিচ সম্পর্কে জানি

গাছের উপরে ও নিচে কী আছে বলি



ঘরের চালের উপরে ও নিচে কী আছে বলি



টেবিলের উপরে ও নিচে কী আছে বলি



পাঠ-৭০

## ছবি দেখি ও বলি

### উপর, নিচ এবং মাঝ সম্পর্কে জানি

উপর

মাঝ

নিচ



১ নং কলস



২ নং কলস



৩ নং কলস

কোন কলসটি কোন স্থানে বলি

পাঠ-৭১

# ছবি দেখি ও বলি

## সামনে ও পিছন সম্পর্কে শিখি

মেয়েটির সামনে ও পিছনে কী আছে?



ঘরের সামনে ও পিছনে কী আছে?



হাতির সামনের ছবিগুলোতে গোল (০) দাগ দিই ও পিছনের ছবিগুলো কেটে (×) দিই



পাঠ-৭২

# ছবি দেখি ও বলি

## উঁচু-নিচু সম্পর্কে ধারণা

কোন দালানটি উঁচু ও কোন দালানটি নিচু বলি





কোন পাহাড়টি উঁচু ও কোন পাহাড়টি নিচু বলি



সিঁড়ির উপরেরটিতে গোল (০) এবং নিচেরটিতে টিক (√) দিব



পাঠ-৭৩

# ছবি দেখি ও বলি

## কাছে ও দূরে বোঝার চেষ্টা



গেট থেকে কে কাছে, ছেলেটি না মেয়েটি?

*ঘর থেকে কে কাছে, মা না ছেলেটি?*

*মা থেকে কে দূরে ছেলেটি না মেয়েটি?*

# ছবি দেখি ও বলি

## হালকা ও ভারী বোঝার চেষ্টা














পাঠ-৭৫

# ছবি দেখি ও বলি

## মিলানো খেলার মাধ্যমে বোঝার চেষ্টা

একই রকম জিনিসে দাগ টেনে মিলাই



## পাঠ-৭৬

# ছবি দেখি ও বলি

## আলাদা জিনিসটি খোঁজার চেষ্টা

আলাদা জিনিসটিতে গোল দাগ দিই









পাঠ-৭৭

# ছবি দেখি ও বলি

## আকৃতিগুলো চেনার চেষ্টা এবং রং করি



গোল



তিনকোনা



চারকোনা

পাঠ-৭৮

# ছবি দেখি ও বলি

## আকৃতি চেনার চেষ্টা

চুড়ি বা কৌটা বসিয়ে গোল আঁকি



কোনটা গোল, চারকোনা এবং ত্রিকোনা বলি



কাগজে হাত ঘুরিয়ে গোল গোল করি



## পাঠ-৭৯

# ছবি দেখি ও বলি, মধ্যের ছবিতে গোল দাগ দিই

## মধ্যের ধারণা লাভের চেষ্টা









পাঠ-৮০

# ছবি দেখি, গণনা করি ও সংখ্যা শিখি

## ১ সংখ্যাটি ছবির মাধ্যমে চেনার চেষ্টা

| | | |
|---|---|---|
| ১ |  | ১ |
| ১ |  | ১ |

### ১ সংখ্যাটি লিখতে শিখি

| | | |
|---|---|---|
| ১ | ১ | ১ |
| | | |

পাঠ-৮১

# ছবি দেখি, গণনা করি ও সংখ্যা শিখি

## ২ সংখ্যাটি ছবির মাধ্যমে চেনার চেষ্টা

| | | |
|---|---|---|
| ২ |  | ২ |
| ২ |  | ২ |

### ২ সংখ্যাটি লিখতে শিখি

| | | |
|---|---|---|
| ২ |  |  |
| | | |

পাঠ-৮২

# ছবি দেখি, গণনা করি ও সংখ্যা শিখি

## ১ ও ২ এর ধারণা

নিচের ছবিটি দেখি। গুনে বলি এবং লিখি



| | |
|---|---|
| তোমার হাত কয়টি? | |
| তোমার মাথা কয়টি? | |
| তোমার পা কয়টি? | |
| তোমার কান কয়টি? | |
| তোমার নাক কয়টি? | |
| তোমার চোখ কয়টি? | |

পাঠ-৮৩

# ছবি দেখি, গণনা করি ও সংখ্যা শিখি

## ৩ সংখ্যাটি ছবির মাধ্যমে চেনার চেষ্টা

| | | |
|---|---|---|
| ৩ |  | ৩ |
| ৩ |  | ৩ |

### ৩ সংখ্যাটি লিখতে শিখি

| | | |
|---|---|---|
| ৩ | | |
| | | |

## পাঠ-৮৪

# ছবি দেখি, গণনা করি ও সংখ্যা শিখি

১ থেকে ৩ সংখ্যাগুলো একত্রে শেখার চেষ্টা



## পাঠ-৮৫

# ছবি দেখি, গণনা করি ও সংখ্যা শিখি

**৪ সংখ্যাটি ছবির মাধ্যমে চেনার চেষ্টা**

| | | |
|---|---|---|
| ৪ |  | ৪ |
| ৪ |  | ৪ |

**৪ সংখ্যাটি লিখতে শিখি**

| | | |
|---|---|---|
| ৪ | ৪ | ৪ |
| | | |

## পাঠ-৮৬

# ছবি দেখি ও সংখ্যা শিখি



| | |
|---|---|
| গরুর চোখ কয়টি? | |
| গরুর লেজ কয়টি? | |
| গরুর পা কয়টি? | |
| গরুর কান কয়টি? | |
| গরুর শিং কয়টি? | |

# ছবি দেখি, গণনা করি ও সংখ্যা শিখি

## ৫ সংখ্যাটি ছবির মাধ্যমে চেনার চেষ্টা

| | | |
|---|---|---|
| ৫ |  | ৫ |
| ৫ |  | ৫ |

## ৫ সংখ্যাটি লিখতে শিখি

| | | |
|---|---|---|
| ৫ | ৫ | ৫ |
| | | |

# দাগ টেনে সমান সংখ্যক মিল করি

দাগ টেনে সংখ্যার সাথে মিল করি

৩



১



২



৪



৫



## পাঠ-৮৯

# ছবি দেখি, গণনা করি ও সংখ্যা শিখি

### ৬ সংখ্যাটি ছবির মাধ্যমে চেনার চেষ্টা

| | | |
|---|---|---|
| ৬ |  | ৬ |
| ৬ |  | ৬ |

### ৬ সংখ্যাটি লিখতে শিখি

| | | |
|---|---|---|
| ৬ | ৬ | ৬ |
| | | |
| | | |

## পাঠ-৯০

# ছবি দেখি, গণনা করি ও সংখ্যা শিখি

৭ সংখ্যাটি ছবির মাধ্যমে চেনার চেষ্টা

| | | |
|---|---|---|
| ৭ |  | ৭ |
| ৭ |  | ৭ |

৭ সংখ্যাটি লিখতে শিখি

| | | |
|---|---|---|
| ৭ | ৭ | ৭ |
| | | |
| | | |

পাঠ-৯১

## ছবি দেখি, গণনা করি ও সংখ্যা শিখি

### ৮ সংখ্যাটি ছবির মাধ্যমে চেনার চেষ্টা

| | | |
|---|---|---|
| ৮ |  | ৮ |
| ৮ |  | ৮ |

৮ সংখ্যাটি লিখতে শিখি

| | | |
|---|---|---|
| ৮ |  |  |
| | | |
| | | |

## পাঠ-৯২

# ছবি দেখি, গণনা করি ও সংখ্যা শিখি

## ৯ সংখ্যাটি ছবির মাধ্যমে চেনার চেষ্টা

| | | |
|---|---|---|
| ৯ |  | ৯ |
| ৯ |  | ৯ |

### ৯ সংখ্যাটি লিখতে শিখি

| | | |
|---|---|---|
| ৯ |  |  |
| | | |
| | | |

পাঠ-৯৩

# শূন্য (০) এর ধারণা শিখি

## ০ সংখ্যাটি ছবির মাধ্যমে চেনার চেষ্টা

কোন ডালে কয়টি আম আছে বলি।













# পাঠ-৯৪

## ছবি দেখি, গণনা করি ও সংখ্যা শিখি

### ছবির নিচে সংখ্যাটি লিখি



৫

















পাঠ-৯৫

# ছবি দেখি, গণনা করি ও সংখ্যা শিখি

## ১০ সংখ্যাটি ছবির মাধ্যমে চেনার চেষ্টা

| | | |
|---|---|---|
| ১০ |  | ১০ |
| ১০ |  | ১০ |

### ১০ সংখ্যাটি লিখতে শিখি

| | | |
|---|---|---|
| ১০ | ১০ | ১০ |
| | | |
| | | |

পাঠ-৯৬

# ছবি দেখি, গণনা করি ও সংখ্যা শিখি

## সিঁড়ির ধাপের মাধ্যমে সংখ্যা গণনার চেষ্টা

সিঁড়ির কোন ধাপে কী আছে বলি। কোন কোন ধাপ খালি আছে সে সংখ্যাগুলো নিচে লিখি



খালি ঘরে সংখ্যা লিখি

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | | ৪ | | ৬ | ৭ | | ৯ | ১০ |

## পাঠ-৯৭

মুখে মুখে বলি

১, ২, ৩

এক, দুই, তিন
নাচে ধিন ধিন।

৪, ৫, ৬

চার, পাঁচ, ছয়
নেইকো মোদের ভয়।

৭, ৮, ৯

সাত, আট, নয়
হবে মোদের জয়।

১০

এবার এল দশ
শান্ত হয়ে বস।

পাঠ-৯৮

# ছবি দেখি ও সংখ্যা শিখি

## ১, ২, ৩, ৪ ও ৫ এর ধারণা

গোলের ভিতরে কতগুলো ছবি আছে তা গুনে নিচের খালি ঘরে লিখি











## পাঠ-৯৯

# ছবি দেখি ও সংখ্যা শিখি

## ৬, ৭, ৮, ৯ ও ১০ এর ধারণা

গোলের ভিতরে কতগুলো ছবি আছে তা গুনে নিচের খালি ঘরে লিখি











## পাঠ-১০০

**সংখ্যার নিচে খালি ঘরে সমান সংখ্যক দাগ টানি**

| | | | |
|---|---|---|---|
| ৩ | ৬ | ৪ | ৮ |
| ||| | | | |
| ১০ | ৭ | ৮ | ২ |
| | | | |
| ২ | ৩ | ৯ | ১০ |
| | | | |
| ৬ | ১ | ০ | ৫ |
| | | | |
| ৪ | ৭ | ৫ | ৯ |
| | | | |

## পাঠ-১০১

# মুখে মুখে বলি

| | |
|---|---|
| ১ । এক | এক চন্দ্র আকাশেতে রয়। |
| ২ । দুই | দুই পক্ষে এক মাস হয়। |
| ৩ । তিন | তিনে নেত্র মানব জানে। |
| ৪ । চার | চার বেদ ধর্মে মানে। |
| ৫ । পাঁচ | পাঁচ ইন্দ্রিয় কাজ করে। |
| ৬ । ছয় | ছয় ঋতু বছর ভরে। |
| ৭ । সাত | সাত দিনে এক সপ্তাহ হয়। |
| ৮ । আট | অষ্ট বসু আট মহাশয়। |
| ৯ । নয় | নয়ে নবগ্রহ মানি। |
| ১০। দশ | দশ দিকের নাম জানি। |

# পাঠ-১০২

চন্দ্র– চাঁদ

পক্ষ– শুক্লপক্ষ, কৃষ্ণপক্ষ।

নেত্র– দু চোখ ছাড়াও জ্ঞানের তৃতীয় চোখ।

বেদ– ঋক্, সাম, যজুঃ, অথর্ব।

ইন্দ্রিয়– চক্ষু, কর্ণ, নাসিকা, জিহ্বা, ত্বক।

ঋতু– গ্রীষ্ম, বর্ষা, শরৎ, হেমন্ত, শীত, বসন্ত।

বার– শনিবার, রবিবার, সোমবার, মঙ্গলবার, বুধবার, বৃহস্পতিবার ও শুক্রবার।

বসু– ধর, ধ্রুব, সোম, অনল, অনিল, সাবিত্র (অহঃ) প্রত্যহ, প্রভাস।

গ্রহ– বুধ, শুক্র, পৃথিবী, মঙ্গল, শনি, বৃহস্পতি, রবি, রাহু ও কেতু।

দিক– পূর্ব, পশ্চিম, উত্তর, দক্ষিণ, বায়ু, অগ্নি, নৈর্ঋত, ঈশান, ঊর্ধ্ব, অধঃ।



## পাঠ-১০৩

# ছোট-বড় সংখ্যা শিখি

| ছোট থেকে বড় | বড় থেকে ছোট |
|---|---|
| ১ | ১০ |
| ৩ | ৮ |
| ৫ | ৬ |
| ৭ | ৪ |
| ৯ | ২ |

## ঠিকভাবে সাজিয়ে লিখি (ছোট থেকে বড়, বড় থেকে ছোট)

| এলোমেলো সংখ্যা | ছোট থেকে বড় | বড় থেকে ছোট |
|---|---|---|
| ৮ | | |
| ৩ | | |
| ২ | | |
| ৬ | | |
| ৫ | | |
| ৪ | | |
| ৭ | | |
| ৯ | | |
| ১ | | |

## ১ থেকে ১০ পর্যন্ত সংখ্যা কথায় শিখি

| | |
|---|---|
| ১ | এক |
| ২ | দুই |
| ৩ | তিন |
| ৪ | চার |
| ৫ | পাঁচ |
| ৬ | ছয় |
| ৭ | সাত |
| ৮ | আট |
| ৯ | নয় |
| ১০ | দশ |

# পাঠ-১০৫

## ১১ থেকে ২০ পর্যন্ত সংখ্যা কথায় শিখি

| | | |
|---|---|---|
| ১১ | ১ দশ ১ | এগারো |
| ১২ | ১ দশ ২ | বারো |
| ১৩ | ১ দশ ৩ | তেরো |
| ১৪ | ১ দশ ৪ | চৌদ্দ |
| ১৫ | ১ দশ ৫ | পনেরো |
| ১৬ | ১ দশ ৬ | ষোলো |
| ১৭ | ১ দশ ৭ | সতেরো |
| ১৮ | ১ দশ ৮ | আঠারো |
| ১৯ | ১ দশ ৯ | উনিশ |
| ২০ | ২ দশে | বিশ |

পাঠ-১০৬

## ১থেকে ১০০ পর্যন্ত সংখ্যা একত্রে শিখি

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ১১ | ২১ | ৩১ | ৪১ | ৫১ | ৬১ | ৭১ | ৮১ | ৯১ |
| ২ | ১২ | ২২ | ৩২ | ৪২ | ৫২ | ৬২ | ৭২ | ৮২ | ৯২ |
| ৩ | ১৩ | ২৩ | ৩৩ | ৪৩ | ৫৩ | ৬৩ | ৭৩ | ৮৩ | ৯৩ |
| ৪ | ১৪ | ২৪ | ৩৪ | ৪৪ | ৫৪ | ৬৪ | ৭৪ | ৮৪ | ৯৪ |
| ৫ | ১৫ | ২৫ | ৩৫ | ৪৫ | ৫৫ | ৬৫ | ৭৫ | ৮৫ | ৯৫ |
| ৬ | ১৬ | ২৬ | ৩৬ | ৪৬ | ৫৬ | ৬৬ | ৭৬ | ৮৬ | ৯৬ |
| ৭ | ১৭ | ২৭ | ৩৭ | ৪৭ | ৫৭ | ৬৭ | ৭৭ | ৮৭ | ৯৭ |
| ৮ | ১৮ | ২৮ | ৩৮ | ৪৮ | ৫৮ | ৬৮ | ৭৮ | ৮৮ | ৯৮ |
| ৯ | ১৯ | ২৯ | ৩৯ | ৪৯ | ৫৯ | ৬৯ | ৭৯ | ৮৯ | ৯৯ |
| ১০ | ২০ | ৩০ | ৪০ | ৫০ | ৬০ | ৭০ | ৮০ | ৯০ | ১০০ |

# পাঠ-১০৭

## ছবি গুনি ও যোগ করে লিখি

  

১ আর ২ মিলে ৩

  

২ আর ২ মিলে ☐

  

২ আর ৩ মিলে ☐

  

২ আর ৫ মিলে ☐

## পাঠ-১০৮

ছবির নিচে সংখ্যা লিখি ও যোগ করে খালি ঘরে যোগফল লিখি



☐ + ☐ = ৩



☐ + ☐ = ☐



☐ + ☐ = ☐



☐ + ☐ = ☐



☐ + ☐ = ☐

# পাঠ-১০৯

## ছবির নিচে সংখ্যা লিখি ও যোগ করে খালি ঘরে যোগফল লিখি











## পাঠ-১১০

### ছবি গুনে বিয়োগ করে খালি ঘরে সংখ্যা লিখি

  

৩ থেকে ১ বাদ দিলে ২

  

৪ থেকে ২ বাদ দিলে ☐

  

৫ থেকে ২ বাদ দিলে ☐

  

৬ থেকে ৩ বাদ দিলে ☐

  

৭ থেকে ৪ বাদ দিলে ☐

## পাঠ-১১১

ছবির নিচে সংখ্যা লিখি ও বিয়োগ করে খালি ঘরে বিয়োগফল লিখি

 –  = 

 –  = 

 –  = 

 –  = 

 –  =

## পাঠ-১১২

# যোগের ধারণা

এসো যোগ করি (একটি করে দেখানো হলো)

| | |
|---|---|
| ৩ + ২ = ৫ | ৩ + ৪ = |
| ৫ + ১ = | ২ + ৫ = |
| ৭ + ৩ = | ৫ + ০ = |
| ৫ + ৪ = | ৩ + ১ = |
| ৬ + ২ = | ৮ + ১ = |
| ৪ + ৬ = | ৪ + ১ = |
| ৬ + ৩ = | ৪ + ২ = |
| ৪ + ৪ = | ৬ + ১ = |
| ৮ + ০ = | ৩ + ৩ = |

# পাঠ-১১৩

## বিয়োগের ধারণা

এসো বিয়োগ করি (একটি করে দেখানো হলো)

| | |
|---|---|
| ৪ - ১ = ৩ | ৬ - ৪ = |
| ৬ - ৩ = | ২ - ১ = |
| ৯ - ৪ = | ৭ - ৪ = |
| ৭ - ৫ = | ৮ - ২ = |
| ৬ - ৫ = | ৩ - ২ = |
| ৫ - ৪ = | ৭ - ৩ = |
| ৪ - ৪ = | ৯ - ৩ = |
| ৫ - ৩ = | ৭ - ৭ = |
| ৫ - ২ = | ৪ - ৩ = |

পাঠ-১১৪

## ইংরেজি গণনা শিখি

| | |
|---|---|
| 1 | One (ওয়ান) |
| 2 | Two ( টু ) |
| 3 | Three (থ্রি) |
| 4 | Four (ফোর) |
| 5 | Five (ফাইভ) |
| 6 | Six (সিক্স) |
| 7 | Seven (সেভেন) |
| 8 | Eight (এইট ) |
| 9 | Nine (নাইন) |
| 10 | Ten (টেন) |

# বাংলা ছয় ঋতুর নাম শিখি

১। গ্রীষ্মকাল (বৈশাখ ও জ্যৈষ্ঠ মাস)

২। বর্ষাকাল (আষাঢ় ও শ্রাবণ মাস)

৩। শরৎকাল (ভাদ্র ও আশ্বিন মাস)

৪। হেমন্তকাল (কার্তিক ও অগ্রহায়ণ মাস)

৫। শীতকাল (পৌষ ও মাঘ মাস)

৬। বসন্তকাল ( ফাল্গুন ও চৈত্র মাস)

## সাত দিনের নাম :

| সপ্তাহের দিনগুলোর নাম: | সঠিক উচ্চারণ | ইংরেজি দিনগুলোর নাম : |
|---|---|---|
| ১। শনিবার | ১। স্যাটারডে | 1\| (SATURDAY) |
| ২। রবিবার | ২। সানডে | 2\| (SUNDAY) |
| ৩। সোমবার | ৩। মানডে | 3\| (MONDAY) |
| ৪। মঙ্গলবার | ৪। টুয়েসডে | 4\| (TUESDAY) |
| ৫। বুধবার | ৫। ওয়েনেসডে | 5\| (WEDNESDAY) |
| ৬। বৃহস্পতিবার | ৬। থার্সডে | 6\| (THURSDAY) |
| ৭। শুক্রবার | ৭। ফ্রাইডে | 7\| (FRIDAY) |

# বাংলা ও ইংরেজি মাসের নাম শিখি

## বাংলা বারো মাসের নাম:

| | |
|---|---|
| ১। বৈশাখ | ৭। কার্তিক |
| ২। জ্যৈষ্ঠ | ৮। অগ্রহায়ণ |
| ৩। আষাঢ় | ৯। পৌষ |
| ৪। শ্রাবণ | ১০। মাঘ |
| ৫। ভাদ্র | ১১। ফাল্গুন |
| ৬। আশ্বিন | ১২। চৈত্র |

## ইংরেজি বারো মাসের নাম:

| | | | |
|---|---|---|---|
| ১। জানুয়ারি | (JANUARY) | ৭। জুলাই | (JULY) |
| ২। ফেব্রুয়ারি | (FEBRUARY) | ৮। আগস্ট | (AUGUST) |
| ৩। মার্চ | (MARCH) | ৯। সেপ্টেম্বর | (SEPTEMBER) |
| ৪। এপ্রিল | (APRIL) | ১০। অক্টোবর | (OCTOBER) |
| ৫। মে | (MAY) | ১১। নভেম্বর | (NOVEMBER) |
| ৬। জুন | (JUNE) | ১২। ডিসেম্বর | (DECEMBER) |

# চারু ও কারু কাজ শিখি

## কাঠি দিয়ে বানাই







# সংখ্যা দিয়ে চিত্রাঙ্কন করি

| | |
|---|---|
| ১ এক  লাটিম | ২ দুই  হাঁস |
| ৩ তিন  শামুক | ৪ চার  চশমা |
| ৫ পাঁচ  মাছ | ৬ ছয়  আম |
| ৭ সাত  বক | ৮ আট  তীর ধনুক |
| ৯ নয়  ময়ূর | ০ শূন্য  ফুল |

# শিক্ষাবর্ষ-২০২৪




ন হি জ্ঞানেন সদৃশং পবিত্রমিহ বিদ্যতে।
তৎ স্বয়ং যোগসংসিদ্ধঃ কালেনাত্মনি বিন্দতি॥ ৪/৩৮
সরলার্থ: শ্রীভগবান বললেন-ইহলোকে জ্ঞানের মতো পবিত্র অন্য কিছু নেই।
এজন্য জ্ঞানযুক্ত যোগী যথাকালে পরমাত্মায় লয়প্রাপ্ত হয়। ৪/৩৮



# হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্টের চতুর্দশ ট্রাস্টিবোর্ডের ট্রাস্টিগণের তালিকা

| ক্রম | নাম ও ঠিকানা | পদবি | মোবাইল |
|---|---|---|---|
| ১. | মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | চেয়ারম্যান | - |
| ২. | শ্রী নারায়ণ চন্দ্র চন্দ, মাননীয় সংসদ সদস্য, ১০৩ খুলনা-৫ | সি. ভাইসচেয়ারম্যান | ০১৭১১২১৭৫৪৮ |
| ৩. | শ্রী মনোরঞ্জন শীল গোপাল, মাননীয় সংসদ সদস্য, ৬ দিনাজপুর-১ | সি. ভাইসচেয়ারম্যান | ০১৭১২২২৫৪১৭ |
| ৪. | বীর মুক্তিযোদ্ধা অধ্যাপক ডা: প্রাণ গোপাল দত্ত, মাননীয় সংসদ সদস্য, কুমিল্লা-৭ | সদস্য | ০১৭১৩০১৫০৩৪ |
| ৫. | সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | সদস্য | - |
| ৬. | শ্রী সুব্রত পাল, হিলোচিয়া, বাজিতপুর, কিশোরগঞ্জ | ভাইস-চেয়ারম্যান | ০১৭১১৬৮৯৯১১ |
| ৭. | অধ্যাপক ড. অসীম সরকার, দিঘীরপাড়, গোপালগঞ্জ | সদস্য | ০১৫৫২৪৫০৮৯০ |
| ৮. | শ্রী শৈলেন্দ্র নাথ মজুমদার, নিশিন্তপুর, কাশিয়ানী, গোপালগঞ্জ | সদস্য | ০১৭১২১৯০৭০১ |
| ৯. | এডভোকেট পাপ্পু সাহা, লতিফপুর, জমিদারহাট, বেগমগঞ্জ, নোয়াখালী | সদস্য | ০১৭৪০৫৪১২০৭ |
| ১০. | শ্রী অমল কান্তি দাস, নিউ গুলশান, ৬নং ওয়ার্ড, পৌরসভা, বান্দরবান | সদস্য | ০১৮১৯৬৪১৫৯৫ |
| ১১. | শ্রী তপন কুমার সেন, ০৬ ফুদকীপাড়া, ঘোড়ামারা, বোয়ালিয়া, রাজশাহী | সদস্য | ০১৭১৪৩৩৩৮৩৮ |
| ১২. | বীর মুক্তিযোদ্ধা স্বপন কুমার রায়, ঘুরকা, রায়গঞ্জ, সিরাজগঞ্জ | সদস্য | ০১৭১১১২৩৭৪২ |
| ১৩. | শ্রীমতি ববিতা রানী সরকার, বিন্নাকুরী, জলঢাকা, নীলফামারী | সদস্য | ০১৭১২১১৮৫৭১ |
| ১৪. | বীর মুক্তিযোদ্ধা উদয় শঙ্কর চক্রবর্তী, হাটিরপাড়, কুড়িগ্রাম | সদস্য | ০১৭১৫০১১১৩৬ |
| ১৫. | শ্রী অশোক মাধব রায়, হাসপাতাল সড়ক, শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ | সদস্য | ০১৭১১৬৪৮১৭৭ |
| ১৬. | ইঞ্জিনিয়ার পি. কে. চৌধুরী, জয়নগর, শাপানীঘাট, সিলেট | সদস্য | ০১৭১৫১০২৫১৪ |
| ১৭. | শ্রী নান্টু রায়, কৈলাসগঞ্জ, দাকোপ, খুলনা | সদস্য | ০১৭১৫৬২২৩০৬ |
| ১৮. | অধ্যাপক নিমাই চন্দ্র রায়, ১২৯, হাজী ইসমাইল রোড, বানরগাতি, খুলনা | সদস্য | ০১৬২১৫৮৪৩৬৬ |
| ১৯. | শ্রী শ্যামল সরকার, বালিয়াডাঙ্গা, কেশবপুর, যশোর | সদস্য | ০১৭১৩০৬৩৩২৭ |
| ২০. | এডভোকেট শম্ভুনাথ রায়, দড়িউমাজুরি, চিতলমারী, বাগেরহাট | সদস্য | ০১৭১৬৬০৭০১১ |
| ২১. | বীর মুক্তিযোদ্ধা অনিল কুমার দাস, বোরহানউদ্দিন, ভোলা | সদস্য | ০১৮১৬৪৯৮৭২৪ |
| ২২. | শ্রীমতি দোলা গুহ, স্বান্তনা বেকারী, রাজারহাট, পিরোজপুর | সদস্য | ০১৭২৮০০০২২৮ |
| ২৩. | শ্রী অংকন কর্মকার, উত্তর দরিয়াবাদ, ইসলামপুর, জামালপুর | সদস্য | ০১৭১৮৫৮৫০৪১ |
| ২৪. | ইঞ্জিনিয়ার রতন কুমার দত্ত, ৮৩/বি দ. বাউন্ডারীরোড, সদর, ময়মনসিংহ | সদস্য | ০১৬১১৬৪২৭৭২ |
| ২৫. | শ্রী উত্তম চক্রবর্তী রকেট, ১৪/সি কালীবাড়ী রোড, ময়মনসিংহ | সদস্য | ০১৭১৭৪৪৯০৯০ |